

51

ইসলামী বিশ্ববিদ্যালয়

মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য নির্মাণের বিরুদ্ধে প্রচারণা ॥ বিভিন্ন মহলের প্রতিক্রিয়া

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২০শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য নির্মাণকে মূর্তি বানানোর অভিযোগ করে জামাত-শিবির কর্তৃক সৃষ্ট প্রচারণার ঘটনায় মুক্তিযুদ্ধের পক্ষের লোকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্র সংগঠন ও সাংস্কৃতিক সংগঠনের দাবির পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য নির্মাণের জন্য ৪ঠা জুলাই একটি কমিটি করলে জামাত-শিবির চক্র এটাকে বানচাল করার হীন চক্রান্তে লিপ্ত হয় এবং তাদের দলীয় মুখপত্রের মাধ্যমে মূর্তিপূজা আখ্যায় সামিল বলে প্রচারণা শুরু করে। এ মূর্তি ও ভাস্কর্য যে এক জিনিস নয়, সেটা তারা বলছেন। ভাস্কর্য নির্মাণে জামাত শিবিরের এহেন বিরোধিতায় বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্র সংগঠন, সাংস্কৃতিক সংগঠন, শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রছাত্রীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ভাস্কর্য নির্মাণে জামাত-শিবিরের বিরোধিতা সম্পর্কে ভিসি'র সাথে আলাপ করলে ভিসি ডঃ ইনাম-উল হক বলেন, মূর্তি আর ভাস্কর্য এক জিনিস নয়, এখানে নির্মিত হবে

মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য, মুক্তিযুদ্ধের স্মৃতিবহন করার একটি প্রতীক হিসেবে। মূর্তি আখ্যা দেয়া এক ধরনের প্রপোজাভা ছাড়া আর কিছুই নয়। জাতীয়তাবাদী ছাত্রদলের আহ্বায়ক মিজানুর রহমান বলেন, মুক্তিযুদ্ধের ভাস্কর্য এখানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ীই হবে। যেকোন বাধা এলে আমরা তা প্রতিহত করব।

ছাত্রলীগ (শাখা) নেতা মীর জিহুর রহমান বলেন, ভাস্কর্য নির্মাণে আমরা কর্তৃপক্ষকে সার্বিকভাবে সহযোগিতা করব। ছাত্র ইউনিয়নের নওয়াব আলী খান বলেন, মুক্তিকামী ছাত্র-জনতার দাবির প্রতি শ্রদ্ধা রেখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণ করছে— এটাকে আমরা স্বাগত জানাই। একটা মহল এর বিরোধিতা করছে, মুক্তিযুদ্ধের যখন বিরোধিতা করেছে তখন ভাস্কর্য নির্মাণের বিপক্ষে যাবে এটাই স্বাভাবিক, তবে এ বিরোধিতা ধোপে ঢিকবে না। ছাত্রমৈত্রী, জাতীয় ছাত্রদল, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ছাত্রলীগ কো-চাসহ বিভিন্ন প্রগতিশীল সংগঠন মুক্তিযুদ্ধের ভাস্কর্য নির্মাণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে স্বাগত জানিয়েছে।